

অভিভাবক 1: আপনি কি 5 বছরের কম বয়সী শিশুদের জন্য COVID-19 টিকা সম্পর্কে শুনেছেন?

অভিভাবক 2: হ্যাঁ শুনেছি, আমি গত সপ্তাহে আমার ছোট বাচ্চাকে টিকা দিয়েছি

অভিভাবক 1: বাহ, এটা খুবই আশ্চর্যজনক। তার ভ্যাকসিন নেওয়ার সময় আপনি কি ভয় পাননি? সে অনেক ছোট।

অভিভাবক 2: আসলে, না, আমি ভয় পাইনি কারণ আমরা আমাদের বাচ্চাদের দুই মাস বয়স থেকে 16 বছর বয়স পর্যন্ত বিভিন্ন টিকা দিয়ে থাকি, যেমন আমার বড় সন্তানের তাই করেছি। আমরা সেই অন্যান্য টিকাগুলি নিয়ে প্রশ্ন করি না কারণ আমরা জানি যে সেগুলি জনসাধারণের জন্য সহজপ্রাপ্য হবার আগেই খুব পুঙ্খানুপুঙ্খভাবে হেলথ স্ক্রীনিং এর মধ্য দিয়ে যায়।

অভিভাবক 1: এটি অন্যান্য ভ্যাকসিন সম্পর্কে সত্য, কিন্তু কোভিড ভ্যাকসিন কি আমাদের শিশুদের জন্য নিরাপদ?

অভিভাবক 2: কোভিড ভ্যাকসিনগুলি অন্য যে কোনও ভ্যাকসিন থেকে আলাদা নয়, কারণ সেগুলি এখনও এইগুলিও পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা হয়েছিল। এছাড়াও, 0-5 বছর বয়সী শিশুদের জন্য পার্শ্বপ্রতিক্রিয়া অত্যন্ত বিরল, ঠিক তাদের ইমিউনাইজেশন রেকর্ডে অন্যান্য ভ্যাকসিনের মতো।

অভিভাবক 1: বাহ! আমিতো এইভাবে কখনো ভাবিনি!

অভিভাবক 1 তার ফোন বের করে

অভিভাবক 1: আমি আজই আমার দুই বছরের বাচ্চার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করতে যাচ্ছি!